

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জুন '২০২৩খ্রি.

### ৪৪ কোটি টাকায় উন্নত হবে উত্তর মধ্যম হালিশহর: মেয়র

৩৭ নং উত্তর মধ্যম হালিশহরের উন্নয়নে ৪৪ কোটি ৩৭ লাখ টাকার মোট ১৬ টি প্রকল্প চলমান রয়েছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার ওয়ার্ডের হযরত হাফেজ হৈয়দ মুহাম্মদ মুনির উদ্দিন নুরুল্লাহ (রহ:) মাজারের রোড উদ্বোধন অনুষ্ঠানে মেয়র বলেন, শহরের অন্যান্য ওয়ার্ডের তুলনায় উত্তর মধ্যম হালিশহর কিছুটা পিছিয়ে ছিল। এজন্য এ ওয়ার্ডের উন্নয়নে ৪৪ কোটি ৩৭ লাখ টাকার মোট ১৬ টি প্রকল্প বাস্তবায়ন চলছে।

"সব রাস্তার সাথে স্থায়ী আরসিসি ড্রেইন নির্মাণ করা হচ্ছে। এই ড্রেইন নেটওয়ার্কের কাজ শেষ হলে এ ওয়ার্ডে আর জলাবদ্ধতা আর থাকবে না এবং এ ওয়ার্ডেও শিল্প-কারখানা স্থাপনের মাধ্যমে স্থানীয়দের কর্মসংস্থান বৃদ্ধি পাবে। "

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আফরোজা কালাম, কাউন্সিলর আবদুল মান্নান, মোর্শেদ আলী, চসিকের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী মোহাম্মিনুল ইসলাম মাহি, হৈয়দ এনামুল হক মুনিরী, মুসা আল নূরী, মোহাম্মদ ইকবাল হোসেন, মোঃ হোসেন, মোঃ আলমগির, মোঃ নুরনবী, মোঃ নাছির উদ্দিন, মোতাহের হোসেন, মোঃ হারুন, মোঃ আলী, মোঃ সোহেল।

### ৫ লাখ ৩৬ হাজার শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে চসিক

৫ লাখ ৩৬ হাজার শিশুকে ভিটামিন 'এ' ট্যাবলেট খাওয়াবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ। রোববারের (১৮ জুন) এ কার্যক্রমে ৬-১১ মাস বয়সী ৮১ হাজার শিশুকে নীল রঙের একটি এবং ১২-৫৯ মাস বয়সী ৪ লাখ ৫৫ হাজার শিশুকে লাল রঙের ভিটামিন 'এ' ট্যাবলেট খাওয়ানো হবে। নগরীর ১২৮৮টি কেন্দ্রে সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত একটানা এই কর্মসূচি পালিত হবে।

এ উপলক্ষে আজ সকালে সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতাল মিলনায়তনে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন চসিক স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রান। উপস্থিত ছিলেন-জাতীয় পুষ্টি সেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার ডা. মঞ্জুর আল মোরশেদ চৌধুরী, স্বাস্থ্য অধিদপ্তরের জুনিয়র ক্লিনিশিয়ান ডা. মারাদ খান, ডা. হাসান মামুন চৌধুরী, ডা. সুমন তালুকদার, ডা. জুয়েল মহাজন, ডা. রফিকুল ইসলাম, তপন কুমার চর্কবর্তী, জনসংযোগ কর্মকর্তা আজিজ আহমদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮